হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৭ ঃ মেহেরপুর-বুধবার ১৯ নভেম্বর ২০২৫ ইং ঃ ৪ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২৭ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



বিরল রোগে আক্রান্ত অভিনেত্রী ফাতিমা সানা শেখ -পৃষ্ঠা-৩

## ২২ বছর পর ভারতকে হারালো বাংলাদেশ

বিশেষ সংবাদদাতা

একটি জয়ের জন্য কত অপেক্ষা! ২২ বছর আগে হারানোর পর এক এক করে ১০ বার ভারতের মোকাবিলা করেও জয় পাচ্ছিল না বাংলাদেশ। অবেশেষে সেই কাঙ্খিত জয়টি এলো এবং যে মাঠে ২০০৩ সালে ভারতকে শেষবার হারিয়েছিল বাংলাদেশ, সেই মাঠেই। মঙ্গলবার ঢাকা জাতীয় স্টেডিয়ামে এএফসি এশিয়ান কাপ বাছাইয়ের ম্যাচে বাংলাদেশ ১-০ গোলে জিতেছে ভারতের বিপক্ষে।

১২ মিনিটে মোরসালিনের করা গোলটি বাকি সময় ধরে রেখেছে বাংলাদেশ। সেই কৃতিত্ব সিংহভাগই হামজা চৌধুরীর অবদান। এক কথায় ম্যাচটি ছিল হামজাময়।

গত ২৫ মার্চ ভারতে অনুষ্ঠিত ম্যাচ ড্র করে এসছিল বাংলাদেশ। এবার ঘরের মাঠে বাংলাদেশ ম্যাচ জিতে পাঁচ ম্যাচে ৫ পয়েন্ট ঝুলিতে তুললো।

এএফসি এশিয়া কাপ বাছাই পর্বের এই ম্যাচটি কোনোভাবেই বাংলাদেশ এবং ভারতের জন্য গুরুত্বপূর্ণ ছিল না। কারণ,

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে পতাকা বৈঠকে বিএসএফ'র ২৪ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক

পতাকা বৈঠকের মাধ্যমে মেহেরপুরের গাংনীর কাথুলী সীমান্ত দিয়ে নারী-পুরুষ ও শিশুসহ ২৪ জন বাংলাদেশিকে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-র কাছে হস্তান্তর করেছে ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। মঙ্গলবার শেষ বিকেলে গাংনী উপজেলার কাথুলী সীমান্তের আন্তর্জাতিক মেইন পিলার ১৩২/৩-এস এর শূন্যরেখা থেকে ভারতীয় ভূখণ্ডের প্রায় ১০ গজ ভেতরে তেইরপুর এলাকায় আনুষ্ঠানিকভাবে এসব বাংলাদেশিকে নথিপত্রসহ বিজিবির নিকট হস্তান্তর করে বিএসএফ। হস্তান্তরকৃতরা হলেন– শরিফুল

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে মটর শ্রমিক ইউনিয়নের ত্রি বার্ষিক নির্বাচনে পুরোনো নেতৃত্বের জয়

### সভাপতি সোনা সম্পাদক মতিয়ার

আবু রায়হান নিরব

মেহেরপুরে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে সোমবার (১৭ নভেম্বর ২০২৫) সংগঠনের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত চলা ভোটগ্রহণে বিপুল উপস্থিতি ছিল। মোট ২ হাজার ৯৯৮ ভোটারের মধ্যে ২ হাজার ৪৯৮ জন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। ভোট গণনা শেষে মঙ্গলবার সকালে প্রধান নির্বাচন কমিশনারের কার্যালয় থেকে ফলাফল ঘোষণা করা হয়। ১৫টি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন ৩৯ জন প্রার্থী। নির্বাচনের ফলে অধিকাংশ গুরুত্বপূর্ণ পদে আবারও জয়ী হন বর্তমান কমিটির নেতানেত্রীরা, যার মধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ শীর্ষ পদগুলো রয়েছে। সভাপতি পদে বর্তমান সভাপতি আহসান হাবীব সোনা (চেয়ার) ১,৭১৯ ভোট পেয়ে পুনর্নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বকুল হোসেন (ট্রাক্টর) পান ৬৮৮ ভোট। সাধারণ সম্পাদক পদে মতিয়ার রহমান (ডাব) ১,২৩৪ ভোটে পুনর্নির্বাচিত হন, নিকটতম প্রতিদ্বন্দ্বী সাখওয়াত হোসেন সবুজ (মোবাইল) পান ১,১৯৬ ভোট। কার্যকরী সভাপতি সাজেদুর রহমান সাজু (গাভী) ৮৫৫ ভোটে নির্বাচিত হন। সহ-সভাপতি শাহিন আলী টুটুল (ঈগল পাখি) ১,২২৩ ভোটে জয়ী হন। যুগ্ম সম্পাদক এরশাদ আলী (ঘোড়া) ১,৪৬৯ ভোট পেয়ে সর্বাধিক ভোট প্রাপ্তির মধ্য দিয়ে নির্বাচিত হন। সহ সাধারণ সম্পাদক ফরহাদ হোসেন তুষার (গরুর গাড়ি)



২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নতুন জেলা প্রশাসকের দায়িত্বভার গ্রহণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর: মেহেরপুর জেলার নতুন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির মঙ্গলবার সকালে দায়িত্বভার গ্রহণ করেছেন। তিনি অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম এর কাছ থেকে দায়িত্বভার গ্রহণ করেন। এরপর জেলা প্রশাসক মেহেরপুর ট্রেজারি শাখা পরিদর্শন

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় বিআরটিসি বাসের চাপায় করিমন চালকের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়ার খোকসা উপজেলায় বিআরটিসি বাস ও করিমনের মুখোমুখি সংঘর্ষে আব্দুর রহিম (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন। গতকাল মঙ্গলবার বিকেলে উপজেলার পাইকপাড়া মির্জাপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আব্দুর রহিম চুয়াডাঙ্গা জেলার মৃত শাহাবুদ্দিন হোসেনের ছেলে এবং পেশায় করিমন চালক ছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, আব্দুর রহিম চুয়াডাঙ্গা থেকে পাটকাঠি কেনার উদ্দেশ্যে করিমন নিয়ে রাজবাড়ীর দিকে যাচ্ছিলেন। এসময় খোকসার পাইকপাড়া

২-এর পৃষ্ঠা দেখুন

## একাধিক মামলায় আসামীদের কারাদণ্ড ও অর্থদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী গতকাল মঙ্গলবার একাধিক মামলায় আসামীদের দোষী সাব্যস্ত করে কারাদণ্ড ও অর্থদণ্ডর আদেশ প্রদান করেছেন। মাদক মামলায় দুই বছরের কারাদণ্ড : গাঁজা বহনের অভিযোগে মোঃ আলমগীর হোসেনকে দোষী সাব্যস্ত করে আদালত তাকে ২ বছর কারাদণ্ড এবং ২০,০০০ টাকা অর্থদণ্ড প্রদান করেন। মামলার বিবরণে জানা গেছে, ২১ অক্টোবর ২০১৯ সালে গোপন সংবাদের ভিত্তিতে আলমগীর হোসেনকে কাজীপুর ব্রীজ বাজারের দিকে মোটরসাইকেলে গাজা বহনের সময় গ্রেপ্তার করা হয়। তল্লাশিতে তার পিঠে বাধা হালকা পেস্ট ও ব্যাগ থেকে মোট ৫ কেজি গাজা উদ্ধার করা হয়। এতে গাংনী থানায় মামলা দায়ের হয়। মামলা নম্বর জি.আর-২৪৬/১৯ ।ধৃত আসামীর বিরুদ্ধে কুষ্টিয়ার দৌলতপুর থানার একটি চলমান মাদক মামলা থাকাও মামলার বিবরণে উল্লেখ রয়েছে। মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের অপর এক মামলার আসামী মোঃ মাহাবুর জামান ওরফে মোমিনকে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ৮(ক)/৪১ ধারায় দোষী সাব্যস্ত করে ২ বছর কারাদণ্ড ও ২০,০০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। মামলার বিবরণে বলা হয়েছে, ৫ মে ২০২১ সালে হেরোইন ক্রয়-বিক্রয় করতে গিয়ে তাকে পুলিশ গ্রেপ্তার করেন। ধৃত আসামী নিজে উদ্ধারকৃত হেরোইন নিজের বলে স্বীকার করেন। এতে মেহেরপুর সদর থানায় মামলা হয়। মামলা নম্বর জি.আর-১২৫/২১ । গাংনী থানার জি.আর-১৫৫/২৩ নম্বর মামলায় আসামী মোঃ দুলাল, মোঃ জনি, মোঃ টিপু সুলতান, মোঃ আকাশ ও মোঃ বিল্লালকে দোষী সাব্যস্ত করে প্রত্যেককে ছয় মাসের কারাদণ্ড প্রদান করা হয়। মামলার বিবরণে জানা গেছে, বাদীর জমিতে বাঁশের বেড়া দেওয়ার সময়

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে গণসংযোগে বিএনপি: ৩১ দফা বাস্তবায়ন ও ভোট প্রার্থনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপি সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রণীত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন। একই সঙ্গে তিনি ধানের শীষ প্রতীকে ভোট প্রার্থনা করছেন। মঙ্গলবার বিকেলে গাঁড়াডোব বাজারে অনুষ্ঠিত গণসংযোগে স্থানীয় বিএনপি ও সহযোগী

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ইসলামী আন্দোলনের মনোনীত প্রার্থীর নির্বাচনী গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ইসলামী আন্দোলন বাংলাদেশ মনোনীত মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী প্রভাষক মোঃ খাদেমুল ইসলামের নির্বাচনী গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকোলে মেহেরপুর জেলা মডেল মসজিদের সামনে থেকে গণসংযোগ শুরু হয়। এ সময় প্রার্থীর পক্ষ থেকে লিফলেট বিতরণ করা হয় এবং দোকানবাজারে সাধারণ মানুষের সঙ্গে মতবিনিময় করা হয়। জেলা ইসলামী আন্দোলনের সভাপতি মোঃ খাদেমুল ইসলাম তার প্রচারণায় হাতপাখা প্রতীক নিয়ে ভোট প্রার্থনার জন্য সমর্থকদের দোয়া কামনা

২-এর পৃষ্ঠা দেখুন




## শেখ হাসিনার ফাঁসি ও দ্রুত বিচারের দাবিতে এনসিপির গণমিছিল

নিজস্ব প্রতিবেদক

শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে ফাঁসি কার্যকর ও গণহত্যায় শেখ হাসিনার সহযোগীদের দ্রুত বিচারের দাবীতে মেহেরপুরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এর কেন্দ্রীয় যুগ্ম প্রধান সমন্বয়ক অ্যাডভোকেট সাকিল আহমাদের নেতৃত্বে গণমিছিল অনুষ্ঠিত হয়েছে ।গতকাল মঙ্গলবার বিকেলে মিছিলটি জেলা এনসিপির কার্যালয় থেকে শুর হয়ে বড় বাজার চার রাস্তার মোড় ঘুরে প্রেসক্লাবের সামনে এস শেষ হয়। মিছিল ও সমাবেশে অ্যাডভোকেট সাকিল আহমাদ দাবি

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জাকির পার্টির কর্মী সম্মেলন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা জাকির পার্টির উদ্যোগে কর্মী সম্মেলন ও মিশন জলসা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে জেলা পার্টির কার্যালয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সদর উপজেলা জাকির পার্টির সভাপতি গোলাম সরোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা সভাপতি সাইদুল আলম শাহীন, স্বেচ্ছাসেবক ফ্রন্টের সভাপতি নজরুল ইসলাম, সদর উপজেলা সম্পাদক আনেয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক আব্দুল কুদ্দুস, যুগ্ম সম্পাদক আনোয়ার

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী ঢেপা পাঙ্গাসিপাড়ায় আবারও গরু চুরি, গ্রামে আতঙ্ক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা পাঙ্গাসিপাড়ায় গত সোমবার দিবাগত গভীর রাতে চোরের একটি সংঘবদ্ধ দল মানিক মিয়ার গোয়ালঘরের তালা ভেঙে দু'টি গরু চুরি করেছে। ঘটনার পর গ্রামে ব্যাপক আতঙ্ক বিরাজ করছে। স্থানীয়দের দাবি, চুরির সময় গোয়ালঘরে তিনটি গরু ছিল। চোরেরা একটি এইড়ে ও একটি গাভিন গরু নিয়ে গেছে, বাছুরটি রেখে গেছে । এইড়ে গরুর বাজারমূল্য প্রায় দুই লাখ টাকা, গাভিন গরুর মূল্য প্রায় ৭৫ হাজার টাকা। মানিক মিয়া

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনু বাক্য
### মামুনুর রশিদ মামুন
### খবরঃ পাত্রী চাই প্রধান শিক্ষকের সঙ্গে বিয়ে)

কে জানি কে মিথ্যা বলছে
আছে কি কথার কোন ভিত্তি
গ্যাড়া কলে পড়েছে মাস্টার
এ কথাটি সত্যি।
বিয়ের দাবি করছে মেয়ে
হবো আমি মা
বলছে মাস্টার সব মিথ্যা
ঘটনা এমন কিছু না।
ঘটনা শুধু প্যাচ খাচ্ছে
আরো আছে অনেক বাকি
মাস্টার মশাই অনেক মেয়েকে
দিয়েছে নাকি ফাঁকি।
সম্মান আমার নষ্ট করেছো
পার পাবে না তুমি
যতই করো সেয়ানা গিরি
বিয়ে করবো আমি।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
আবুল কাসেম স্যার পরিচালিত
সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে
নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)
ইংলিশ স্পোকেন
ইন্টিগ্রেটেড ভার্সন
আবাসিক
নূরানী আরবি শিক্ষা
সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি
ডে-কেয়ার
ভর্তি চলছে
কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
মোবাইল স্টেশন
আমাদের ঠিকানাঃ মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বুধবার ॥ ৪ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ১৯ নভেম্বর ২০২৫ইং

## দামুড়হুদায় বিএনপি - জামাত সংঘর্ষ উভয় পক্ষের আহত ১০

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কামারপাড়া গ্রামে ধানের শীষের মনোনীত প্রার্থীর বিলবোর্ড ছিঁড়ে ফেলার ঘটনাকে কেন্দ্র করে বিএনপি ও জামাতের সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে এই ঘটনা ঘটে। আহতদের মধ্যে রয়েছে বিএনপি ওয়ার্ড সভাপতি আজিজুর রহমান (৫০), কর্মী আজাহার আলী (৪৫), মনোয়ার হোসেন (৪৪), আব্দুল গফফার শক্তি (৪৫), বাশার আলী (৪০), নুরুজ্জামান (৬০) এবং জামাত নেতা খাজা (৫৫), কর্মী জসিম (৩৫), সেলিম উদ্দিন (৩০) ও আহাদ আলী (৩৮)। আহতদের স্থানীয় ক্লিনিক ও দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এলাকাবাসী জানিয়েছেন, গত সোমবার রাতে ধানের শীষের প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর বিলবোর্ড কে বা কারা ছিঁড়ে জামাত নেতা খাজার চায়ের দোকানের পাশে ফেলে দেয়। মঙ্গলবার সকালে বিএনপি নেতাকর্মীরা বিলবোর্ডটি গর্তে পড়ে থাকতে দেখে খাজার উপর চড়া হয়। মীমাংসার জন্য উভয় পক্ষ স্থানীয় মোড়ে একত্রিত হলে বাক-বিতণ্ডার এক পর্যায়ে সংঘর্ষে রূপ নেয়। মদনা পার কৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউদ্দিন অভিযোগ করেছেন, "জামাত নেতা খাজাসহ তাদের লোকজন বিলবোর্ড ছিঁড়ে ফেলে। বিএনপি নেতা কর্মীরা প্রতিবাদ করলে জামাতের লোকজন তাদের উপর চড়া হয়। এরপর মীমাংসার সময় আমাদের ৬ জনকে কুপিয়ে গুরুতর আহত করা হয়েছে।চ চুয়াডাঙ্গা জেলা জামাতের সহকারী সেক্রেটারি আব্দুল কাদের জানান, "আমাদের লোকজন বিলবোর্ড ছিঁড়েনি। মঙ্গলবার সকালে বিএনপি নেতা কর্মীরা আমাদের নেতা খাজাকে মারপিট করে। পরে মীমাংসার আড়ালে তাদের উপর হামলা চালানো হয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় ট্রাক দিয়ে বাস আটকিয়ে ডাকাতি

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

উপজেলার সন্তোষপুর গ্রামে ভোরে একটি চাঞ্চল্যকর ডাকাতির ঘটনা ঘটেছে। মঙ্গলবার ভোর ৫টার দিকে ঢাকা থেকে চুয়াডাঙ্গায় আসা পূর্বাশা পরিবহনকে ট্রাক দিয়ে আটকিয়ে ডাকাতি করে। চুয়াডাঙ্গা সহকারী পুলিশ সুপার আনোয়ারুল কবির জানিয়েছেন, ডাকাতরা ট্রাক ব্যবহার করে রাস্তায় ব্যারিকেড সৃষ্টি করে বাসটির গতিরোধ করে এবং নিয়ন্ত্রণ গ্রহণ করে। পরে তারা বাসটিকে সন্তোষপুর পার্কের নির্জন এলাকায় নিয়ে যাত্রীদের কাছ থেকে মোবাইল ফোন ও নগদ অর্থ ছিনিয়ে নেয়। পূর্বাশা পরিবহনের চুয়াডাঙ্গা কাউন্টারের কর্মকর্তা রোকন

৩-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় চলন্ত মোটরসাইকেল থেকে পড়ে নারী নিহত

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার চিৎলা-রুইতনপুর এলাকায় চলন্ত মোটরসাইকেল থেকে পড়ে এক নারী নিহত হয়েছেন।গতকাল মঙ্গলবার সকাল ৮টার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত বিউটি খাতুন (৪৫) দামুড়হুদা উপজেলার ভগিরথপুর পুরাতনপাড়ার বাসিন্দা এবং মোস্তাফিজুর রহমানের স্ত্রী। রুইতনপুর গ্রামের প্রত্যক্ষদর্শী হাসান আলী জানান, বিউটি খাতুন ভগিরতপুর থেকে দৌলতপুরের দিকে যাচ্ছিলেন। চিৎলা-রুইতনপুর এলাকায় পৌঁছুলে হঠাৎ তিনি মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে যান। গুরুতর আহত বিউটি

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## প্রকৃতির সান্নিধ্যে মাত্র ২০ মিনিটেই বাড়ে মনোযোগ ও মস্তিষ্কের কার্যক্ষমতা

সূর্যোদয় প্রতিবেদন

প্রকৃতির সান্নিধ্যে অল্প সময় কাটালেই মানুষের মনোযোগ ও মস্তিষ্কের কর্মক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়ে–সম্প্রতি যুক্তরাষ্ট্রের গবেষক বারম্যান ও তাঁর দলের এক গবেষণায় এমন তথ্য উঠে এসেছে। গবেষণায় দেখা গেছে, প্রাকৃতিক পরিবেশে টানা ৫০ মিনিট হাঁটা সবচেয়ে বেশি উপকার দেয়। তবে মাত্র ১৫২০ মিনিট প্রকৃতির কাছে থাকলেই মনোযোগের ঘাটতি কমে এবং মানসিক শক্তি বৃদ্ধি পায়। বারম্যানের মতে, "আমাদের চারপাশের প্রকৃতি মস্তিষ্কের কার্যক্রমে সরাসরি প্রভাব ফেলে। শহর পরিকল্পনায় আরও বেশি প্রাকৃতিক উপাদান যুক্ত করা গেলে মানুষের মানসিক কল্যাণ বাড়বে।" গবেষণাটি ভিত্তি করেছে মনোবিজ্ঞানের পরিচিত তত্ত্ব 'অ্যাটেনশন রিস্টোরেশন থিওরি' (অজএ্)র ওপর। এই তত্ত্ব মতে মানুষের মনোযোগ দুইভাবে কাজ করে–নির্দেশিত মনোযোগ, যেখানে ব্যক্তি নিজেই নির্ধারণ করেন কোন বিষয়ে মনোযোগ দেবেন; এবং অনিচ্ছাকৃত মনোযোগ, যেখানে আলো, শব্দ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সাংগঠনিক সম্পাদক আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সাংগঠনিক সম্পাদক মাহাবুব জামান সোহাগকে আটক করেছে পুলিশ। সোমবার (১৭ নভেম্বর) বিকেলে শহরের হাসপাতাল রোডে সোহাগ ডায়াগনস্টিক সেন্টার থেকে তাকে গ্রেফতার করা হয়। আটককৃত সোহাগ মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃত কামরুজ্জামানের ছেলে। গতকাল মঙ্গলবার দুপুরে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন এই তথ্য নিশ্চিত করেন।

পুলিশ জানিয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে সদর থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে আটক করে থানায় নিয়ে আসে। এরপর দ্রুত বিচার আইনে একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। সদর থানায় মামলা নং

৩-এর পৃষ্ঠা দেখুন

## শেখ হাসিনার রায়ে জাতিসংঘ-অ্যামনেস্টির ইন্টারন্যাশনালের প্রতিক্রিয়া

সূর্যোদয় প্রতিবেদন

২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যুদণ্ড ঘিরে আন্তর্জাতিক অঙ্গনে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। মানবাধিকার সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ও জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের কার্যালয় পৃথক বিবৃতিতে মৃত্যুদণ্ডের বিরুদ্ধে অবস্থান পুনর্ব্যক্ত করেছে এবং ন্যায়বিচার প্রক্রিয়া নিয়ে উদ্বেগ জানিয়েছে। অ্যামনেস্টি: "মৃত্যুদণ্ড ভুক্তভোগীদের প্রকৃত বিচার নয়" সোমবার প্রকাশিত বিবৃতিতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলেছে, "বাংলাদেশে এমন একটি বিচার ব্যবস্থা প্রয়োজন যা হবে সম্পূর্ণ ন্যায্য, স্বচ্ছ ও পক্ষপাতহীন। মানবাধিকার লঙ্ঘনের বিচার কোনোভাবেই মৃত্যুদণ্ডের মাধ্যমে হওয়া উচিত নয়।" সংস্থাটির

৩-এর পৃষ্ঠা দেখুন



## ৬৭৮ কোটি টাকা মানিলন্ডারিং মামলায় দিলীপ আগরওয়ালা অভিযুক্ত

সূর্যোদয় প্রতিবেদন

চোরাচালানের মাধ্যমে স্বর্ণ ও হীরা সংগ্রহ করে অবৈধভাবে অর্জিত ৬৭৮ কোটি টাকার মানিলন্ডারিংয়ের প্রাথমিক সত্যতা পাওয়ায় ডায়মন্ড ওয়ার্ল্ডের মালিক দিলীপ কুমার আগরওয়ালার বিরুদ্ধে মামলা করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সোমবার গুলশান থানায় মামলা দায়ের করা হয়। সিআইডির বিশেষ পুলিশ সুপার (গণমাধ্যম) জসীম উদ্দিন খান এ তথ্য সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছেন। সিআইডি জানায়, গত বছরের ২৯ সেপ্টেম্বর ডায়মন্ড ওয়ার্ল্ড লিমিটেডের আর্থিক লেনদেন, নথিপত্র ও ব্যাংক হিসাবের বিশদ পর্যালোচনা শুরু করে ফাইন্যান্সিয়াল ক্রাইম ইউনিট। অনুসন্ধানে দেখা যায়, প্রতিষ্ঠানটি স্থানীয় বাজার থেকে চোরাচালানের মাধ্যমে বিপুল পরিমাণ স্বর্ণ ও হীরা সংগ্রহ করে অবৈধ উপায়ে অর্থ উপার্জন করেছে। প্রাথমিক অনুসন্ধানে নিশ্চিত হওয়া যায়–দিলীপ আগরওয়ালা ৬৭৮

৩-এর পৃষ্ঠা দেখুন

## তারেক রহমানের জন্মদিনে অনুষ্ঠান করবে না বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্মদিনে কেক কাটা থেকে শুরু করে কোনো আনুষ্ঠানিকতা না করার নির্দেশ দিয়েছে দলটি। আগামী ২০ নভেম্বর তার জন্মদিনকে সামনে রেখে এই সিদ্ধান্ত জানানো হয়। সোমবার রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ নির্দেশনার কথা জানান। তিনি বলেন, "গত বছরের মতো এবারও তারেক রহমানের জন্মদিনে কেক কাটা বা কোনো অনুষ্ঠান করা যাবে না। কেউ অনুষ্ঠান আয়োজনের চিন্তাও করলে সেই অর্থ দান করে দিতে হবে।" বর্তমান পরিস্থিতি নিয়ে রিজভী অভিযোগ করেন, "বিগত ফ্যাসিস্ট আমলে যারা মানুষের ওপর নির্যাতন চালিয়েছে, তারাই এখন লজ্জাহীনভাবে বাসে আগুন

৩-এর পৃষ্ঠা দেখুন




## শততম টেস্টের মাইলফলকে মুশফিকুর রহিম

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেটের ইতিহাসে নতুন অধ্যায় রচনা করতে যাচ্ছেন মুশফিকুর রহিম। দেশের জার্সিতে শততম টেস্ট খেলার কৃতিত্ব অর্জন করতে যাচ্ছেন তিনি, যা শুধুই ব্যক্তিগত অর্জন নয়, বাংলাদেশের ক্রিকেটের জন্যও এক বড় মাইলফলক। দুই দশকের পথচলায় মুশফিকের সঙ্গে ছিলেন সতীর্থ, কোচ এবং দলের অন্যান্য সদস্যরা, যারা তাকে দেখেছেন শ্রদ্ধা ও বিস্ময়ের চোখে। এই ঐতিহাসিক মুহূর্ত উপলক্ষে ইএসপিএন ক্রিকইনফো-কে দেওয়া সাক্ষাৎকারে মুশফিকের অধ্যবসায়, শৃঙ্খলা ও খেলার প্রতি নিষ্ঠা নিয়ে স্মৃতিচারণ করেছেন তামিম ইকবাল, মুমিনুল হক, ডেভ হোয়াটমোর, চন্ডিকা হাতুরুসিংহে এবং হাবিবুল বাশার। সিনিয়র ব্যাটার তামিম ইকবাল বলেছেন,

৩-এর পৃষ্ঠা দেখুন






## ইউক্রেনকে ১০০ রাফাল যুদ্ধবিমান দিচ্ছে ফ্রান্স

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার অব্যাহত হামলার মুখে ইউক্রেনের প্রতিরক্ষা সক্ষমতা বাড়াতে ফ্রান্স থেকে ১০০টি রাফাল এফ৪ যুদ্ধবিমান এবং উন্নত আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা পাওয়ার চুক্তি করেছে কিয়েভ। ফ্রান্সের প্যারিসের কাছে একটি বিমানঘাঁটিতে প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ

৩-এর পৃষ্ঠা দেখুন




জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## পৃথিবীর 'হাই রিস্ক জোন' উঠে এলো নতুন গবেষণায়

সূর্যোদয় প্রতিবেদন

মনে করুন, সৌরজগতের বাইরে থেকে ছুটে আসা রহস্যময় কোনো বস্তু হঠাৎই পৃথিবীর দিকে ধেয়ে এলো। ঠিক কোথায় আঘাত হানতে পারে? এটা জানতে নতুন এক গবেষণায় উচ্চঝুঁকির অঞ্চল চিহ্নিত করেছেন বিজ্ঞানীরা। মিশিগান স্টেট ইউনিভার্সিটির ড্যারিল সেলিগম্যানের নেতৃত্বে করা এই গবেষণায় বলা হয়েছে, পৃথিবীর নিরক্ষীয় অঞ্চলের (ইকুয়েটর এলাকা) প্রতি আন্তর্মহাজাগতিক বস্তুর আঘাতের ঝুঁকি সবচেয়ে বেশি। তুলনামূলকভাবে উত্তর গোলার্ধ যেখানে পৃথিবীর প্রায় ৯০ শতাংশ মানুষ বাস করে, সেখানে আঘাত লাগার সম্ভাবনাও সামান্য বেশি। গবেষকরা কম্পিউটার



সিমুলেশন ব্যবহার করে এসব বস্তু পৃথিবীর দিকে এলে তাদের গতিপথ, গতি ও প্রবেশদিক বিশ্লেষণ করেছেন। তারা জানিয়েছেন, এসব বস্তু দুই দিক থেকে সবচেয়ে বেশি

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষ্যে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)

কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বুধবার, ১৯ নভেম্বর ২০২৫ ইং

## শিশুর চিকিৎসায় দায়িত্বহীনতা: মেহেরপুর জেনারেল হাসপাতালের জবাবদিহি কোথায়?

মেহেরপুর জেনারেল হাসপাতালে শিশুরোগের মতো অতি স্পর্শকাতর বিভাগে মেডিকেল টেকনোলজিস্টকে 'কনসালটেন্ট' পরিচয়ে বসিয়ে রোগী দেখানো-এমন খবর উদ্বেগ ও ক্ষোভ দুটোই বাড়ায়। হাসপাতালে প্রবেশ করা শত শত অভিভাবক ভাবছেন তাদের সন্তানকে বিশেষজ্ঞ চিকিৎসকই দেখছেন। কিন্তু বাস্তবে সেখানে বসছেন একজন কিডনি ডায়ালাইসিস টেকনোলজিস্ট! এটি শুধু প্রতারণাই নয়, রোগীর জীবনের সঙ্গে অমানবিক জুয়া। রোগীর স্বজনদের অভিযোগের কথাই ধরুন-ওষুধ বদলায়, টেস্ট দেন, কিন্তু রোগ ভালো হয় না। এক মা তো জানতে পেরেছেন তিনি যাকে 'ডাক্তার' ভাবছিলেন তিনি আসলে ডাক্তারই নন! ভাবতে অবাক লাগে-সরকারি হাসপাতালের কনসালটেন্ট কক্ষের দরজায় নাম ঝুলিয়ে একজন টেকনোলজিস্ট কীভাবে রোগী দেখেন? আর কর্তৃপক্ষই বা কীভাবে এতো বড় অনিয়ম দেখে চুপ করে থাকে? শিশুবিভাগের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকের বক্তব্যে আরও বড় প্রশ্ন তৈরি হয়। রোগীর চাপ বেশি-এ অজুহাতে কি যে-তাঁকেতাঁকেই চিকিৎসায় বসিয়ে দেওয়া যায়? শিশুরোগ চিকিৎসা দেশের সবচেয়ে সংবেদনশীল শাখাগুলোর একটি। যেখানে এমবিবিএস পাশ করে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকরাও সাবধানে কাজ করেন, সেখানে একজন টেকনোলজিস্ট দিয়ে রোগী দেখানো সম্পূর্ণ অগ্রহণযোগ্য, অনৈতিক এবং বেআইনি। বিএমএ নেতার বক্তব্যও একই-এটি চরম অবহেলা ও দায়িত্বজ্ঞানহীনতা। এরপরও হাসপাতালের তত্ত্বাবধায়ক কথা বলতে চান না-এ নীরবতা আরও সন্দেহজনক, আরও বেদনাদায়ক।

আমাদের প্রশ্ন- জনগণের করের টাকায় পরিচালিত হাসপাতাল কি এমন অনিয়মের আখড়া হয়ে যাবে? শিশুর জীবনের ঝুঁকি নিয়ে এমন পরীক্ষা কি কোনোভাবেই গ্রহণযোগ্য? এই দায়িত্বজ্ঞানহীনতার দায় নেবে কে? আমরা মনে করি- ঘটনার নিরপেক্ষ তদন্ত জরুরি। অযোগ্য ব্যক্তিকে শিশু চিকিৎসায় বসানোর পেছনে যারা আছেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনা ও চিকিৎসক সংকট দূর করতে তড়িৎ পদক্ষেপ প্রয়োজন। জনস্বাস্থ্য সেবায় স্বচ্ছতা ও জবাবদিহি বাড়াতে প্রতিটি বিভাগের দায়িত্ব ও পদবি স্পষ্টভাবে প্রদর্শন বাধ্যতামূলক করতে হবে। শিশুর জীবন নিয়ে অবহেলা কোনোভাবেই সহনীয় নয়। স্বাস্থ্যসেবায় অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান না নিলে জনগণের আস্থা ফেরানো সম্ভব হবে না। মেহেরপুরের এই ঘটনা তাই শুধু একটি হাসপাতালের নয়-পুরো ব্যবস্থার প্রতি বড় প্রশ্নচিহ্ন।

মাহবুবুল হক পোলেন

# তামাকমুক্ত মেহেরপুর গড়তে প্রয়োজন বাস্তবসম্মত ও উদ্ভাবনী সমাধান



মেহেরপুর-বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমের সীমান্তঘেঁষা একটি ছোট জেলা; শান্ত-স্নিগ্ধ গ্রামীণ চিত্রে ভরপুর। কিন্তু এই শান্ত ছবির আড়ালেও তামাকের ভয়াল ছায়া বড় হয়ে দেখা দিচ্ছে। সিগারেট, বিড়ি, জর্দা বা গুল-সব মিলিয়ে তামাক আজ মেহেরপুরের পরিবারে, শিক্ষার্থীর জীবনে ও দরিদ্র কৃষকের আয়ে গভীর ক্ষত তৈরি করছে। প্রশ্ন হলো-এলাকায় তামাকমুক্ত পরিবেশ গড়া কি আদৌ সম্ভব? উত্তর হলো-হ্যাঁ, সম্ভব; তবে শর্ত একটাই-উদ্ভাবনী পদ্ধতি নিতে হবে, আর বাস্তবসম্মতভাবে এগোতে হবে। প্রথমেই প্রয়োজন মানুষকে চিকিৎসা ও সহায়তার নাগালে দেওয়া। তামাক ছাড়তে মানুষ চায়, কিন্তু উপায় জানে না, কোথায় যাবে জানে না। তাই মেহেরপুর জেনারেল হাসপাতাল, গাংনী ও মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে সাপ্তাহিক 'কুইট ক্লিনিক' চালু করা যেতে পারে। স্বাস্থ্যকর্মী বা প্রশিক্ষণপ্রাপ্ত সিএইচসিপিদের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে গ্রুপ কাউন্সেলিং চালু করলে খুব অল্প খরচে বড় প্রভাব ফেলবে। একটি সহজ এসএমএস বা কল-ভিত্তিক হেল্পলাইন চালু করলেও মানুষ তামাক ছাড়ার প্রথম ধাক্কাটা পেয়ে যাবে। স্কুল কলেজ হচ্ছে সবচেয়ে শক্তিশালী প্ল্যাটফর্ম। তামাক কোম্পানিগুলো বছরের পর বছর ধরে নতুন গ্রাহক পেতে শিশু-কিশোরদের লক্ষ্য করে থাকে। তাই প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে 'নো-টোব্যাকো জোন' বাস্তবায়ন, দোকান থেকে ১০০ মিটার দূরত্বে তামাক বিক্রি নিষিদ্ধ করার নিয়ম কঠোরভাবে প্রয়োগ করা-এটাই এখন জরুরি। শিক্ষার্থীদের নিয়ে নাটক, পোস্টার প্রতিযোগিতা, স্বাস্থ্যবক্তৃতা এবং টিনএজারদের মধ্য থেকে 'তোবাকো-ফ্রি অ্যাম্বাসেডর' বানানোর উদ্যোগ নেওয়া গেলে প্রজন্মের মধ্যেই বড় পরিবর্তন আসবে। তামাকমুক্ত মেহেরপুর গড়তে চাইলে বাজার ও দোকানগুলোকে নিয়ন্ত্রণে আনা অত্যন্ত জরুরি। সিগারেটের খোলা বিক্রি, শিশুদের কাছে বিক্রি এবং দোকানে সাজানো প্রচার-সবই আইনত নিষিদ্ধ, কিন্তু বাস্তবে রয়ে গেছে পুরোদমে। জেলা প্রশাসনের পক্ষ থেকে মাসিক রিটেইল ম্যাপিং-কোন দোকান কোথায় কী বিক্রি করছে-এটা তৈরি করলে খুব কম সময়ে বেশ বড় নিয়ন্ত্রণ আনা সম্ভব। বাজারগুলোতে গ্রাফিক হেলথ ওয়ার্নিং পোস্টার দেওয়া এবং নিয়ম ভঙ্গকারীদের সতর্ক করা প্রয়োজন। এখন বলতেই হয়-কৃষক ও শ্রমজীবী মানুষের তামাক নির্ভরতা কমানো ছাড়া তামাকমুক্ত মেহেরপুর সম্ভব নয়। তামাকচাষীরা নিজেরাও জানেন-এই ফসল জমি নষ্ট করে, স্বাস্থ্য নষ্ট করে; কিন্তু তারা বিকল্প পান না বলেই চাষ চালিয়ে যান। তাই প্রথম বছর ১০০-২০০ পরিবারের মধ্যে বিকল্প ফসলের পাইলট চালু করা যেতে পারে। মধু, মাশরুম, উচ্চ-মূল্যের লঙ্কা, সবজি বা প্রসেসড খাদ্য-এসবই তামাকের তুলনায় লাভবান ও স্বাস্থ্যকর। কৃষি বিভাগ যদি বাজার সংযোগ করে দেয়, তাহলে তামাক থেকে সরে আসা কৃষকের সংখ্যা দ্রুত বাড়বে। মেহেরপুরে তামাকমুক্ত উদ্যোগকে আরও কার্যকর করতে পারে কিছু উদ্ভাবনী ধারণা। যেমন- গ্রামে গ্রামে 'স্বাস্থ্যবাক্স' রাখা, যেখানে তামাক ছাড়ার নির্দেশিকা, কাউন্সেলিং নম্বর ও গল্প থাকবে। স্থানীয় ক্রীড়াবিদ, সাংস্কৃতিক কর্মী, শিক্ষক-তাদের দিয়ে "তামাকমুক্ত মেহেরপুর" প্রচারণা। গেমিফাইড চ্যালেঞ্জ-৬০ দিন তামাক না করলে স্বাস্থ্যপরীক্ষা বা ছোট পুরস্কারের কুপন। ইউনিয়নভিত্তিক ভলান্টিয়ার গ্রুপ, যারা দোকান মনিটরিং করবে এবং স্কুলগুলোর কার্যক্রমে সহায়তা দেবে। সবশেষে-তামাকমুক্ত মেহেরপুর গড়া কোনো স্বপ্ন নয়, বরং একটি অর্জনযোগ্য লক্ষ্য। শুধু আইন প্রয়োগ নয়, মানুষের আচরণগত পরিবর্তন, কৃষকের বিকল্প আয়ের পথ এবং তরুণ প্রজন্মকে সুরক্ষার উদ্যোগ একসঙ্গে চালাতে হবে। মেহেরপুর ছোট জেলা-তাই এখানেই একটি সফল মডেল তৈরি করে দেশজুড়ে ছড়িয়ে দেওয়া সম্ভব। অপ্রতিরোধ্য সংকল্প, বাস্তবমুখী পরিকল্পনা এবং সামান্য উদ্ভাবন-এই তিনেই বদলে যেতে পারে মেহেরপুরের ভবিষ্যৎ। আর সেই পরিবর্তন শুরু হবে এখনকার মানুষদের থেকেই। (ভারপ্রাপ্ত সম্পাদক,আমোদের সূর্যোদয়)।

# প্রতিশোধ গ্রহণের শক্তি থাকা সত্ত্বেও ক্ষমা করা

মাওলানা ফরিদ উদ্দীন

শক্তি ও ক্ষমতা থাকার পরও ক্ষমা প্রদর্শন ইসলামের একটি মহান সৌন্দর্য। আল্লাহপাক নিজেও ক্ষমাশীল এবং তিনি ক্ষমাকারীদের ভালোবাসেন। ক্ষমা, বিশেষ করে বদলা নেওয়ার শক্তি ও ক্ষমতা থাকা সত্ত্বেও ক্ষমা করতে পারা মানুষের অন্যতম প্রধান মহৎ গুণ। পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে, 'ক্ষমা করো, এটিই হলো তাকওয়ার অধিকতর নিকটবর্তী বিষয়।' (সুরা : আল-বাকারাহ, আয়াত : ২৩৭) মক্কাবাসীদের কাছে এত নিপীড়ন-নির্যাতন, লাঞ্ছনা ভোগের পরও মক্কা বিজয়ের সময় নবীজি (সা.) যে অপূর্ব ক্ষমা প্রদর্শন করেছিলেন, জানের দুশমনদের সঙ্গেও উদার ব্যবহার করেছেন, এর নজির পৃথিবীর কোথাও কি আছে? বলেছিলেন, 'কোনো গঞ্জনা নেই তোমাদের ওপর। তোমরা সবাই মুক্ত।' মক্কায় প্রবেশের আগে জনৈক আনসারি সাহাবি অতিউৎসাহে বলে ফেলেছিলেন, 'আজ হলো হত্যা ও নিধনের দিন।' নবীজি (সা.) শুনতে পেরে সঙ্গে সঙ্গে বলেছিলেন, 'আজ তো অনুকম্পার দিন' এবং ওই সাহাবিকে তাঁর পদ থেকে সরিয়ে দেন। তায়েফবাসীদের বর্বর আচরণের মুখে আল্লাহ নিজে যখন ফেরেশতা পাঠালেন তাদের ধ্বংস করে দিতে, নবীজি (সা.) বলেছিলেন, 'না, এরা তো বোঝে না, জানে না। এরা না হোক, এদের বংশ থেকে কেউ তো হেদায়েত গ্রহণ করতে পারে।' কোরআন মাজিদে বারবার ক্ষমার কথা বলা হয়েছে। ইরশাদ হচ্ছে, 'ক্ষমাকেই গ্রহণ করো, ভালো বিষয়ে নির্দেশ দাও, মূর্খদের আচরণ উপেক্ষা করো।' (সুরা : আল আরাফ, আয়াত : ১৯৯)

মন্দকে 'মন্দ' দিয়ে নয়, বরং মন্দের বদলে উত্তম ব্যবহারের তাগিদ করা হয়েছে-'মন্দ ও ভালো এক বরাবর নয়। উত্তম পন্থা দ্বারা মন্দকে প্রতিহত করো।' (সুরা : হা-মিম আস-সাজদা, আয়াত : ৩৪) এর উপকারিতা অসীম। তাহলে তোমার ও তার মধ্যে যে শত্রুতা আছে তা অন্তরঙ্গ বন্ধুত্বে পরিণত হবে। ক্রোধ সংবরণ করা ও ক্ষমা প্রদর্শন করা মুত্তাকিদের কাজ বলে ঘোষণা করা হয়েছে। আল্লাহপাক মুত্তাকিদের গুণাবলি বর্ণনা করতে গিয়ে বলেন, 'তারা ক্রোধ সংবরণ করে এবং লোকদের ক্ষমা করে।' (সুরা : ইমরান, আয়াত : ১৩৪) অন্য আয়াতে এসেছে, 'মুমিন হলো তারা, যারা যখন ক্রোধান্বিত হয় তখন তারা ক্ষমা করে দেয়।' (সুরা : আশ-শূরা, আয়াত : ৩৭) নবী (সা.) বলেছেন, যে দ্বন্দ্ব-দ্বৈরথে অন্যজনকে পরাভূত করল সে শক্তিশালী পালোয়ান নয়। পালোয়ান তো হলো, ক্রোধের সময়ও নিজকে যে নিয়ন্ত্রিত রাখতে পারে। (ইমাম বুখারি, হাদিস : ৫৭৬৩) মহানবী (সা.) আরো বলেন, 'ক্ষমা মানুষের মর্যাদা ও সম্মান বৃদ্ধি করে।' (ইমাম মুসলিম, হাদিস : ২৫৮৮) রাসুলুল্লাহ (সা.) আরো বলেন, 'অধীনদের প্রতি ক্ষমাশীল হওয়ার কথা বলতে গিয়ে বলেছেন, দিনে ৭০ বার হলেও ক্ষমা করো।'

## মেহেরপুরে মটর শ্রমিক ইউনিয়নের

(প্রথম পৃষ্টার পর)

১,২০৪ ভোটে বিজয়ী হন। সাংগঠনিক সম্পাদক রমেজ উদ্দীন (সেলাই রেঞ্জ) ১,২১৭ ভোট এবং সহ সাংগঠনিক সম্পাদক চাঁদ আলী (মাছ) ১,০৮৫ ভোটে নির্বাচিত হন। কোষাধ্যক্ষ মাহাবুব এলাহী (গোলাপ ফুল) ৯৪৩ ভোটে জয়ী হন। শ্রমিক কল্যাণ সম্পাদক পদে মাহাবুব হোসেন রিপন (হরিণ) ১,২৩২ ভোটে নির্বাচিত হন।

লাইন সম্পাদক মুন্না (টুপি) মাত্র ৭ ভোট ব্যবধানে জয়ী হন। প্রচার সম্পাদক ইয়ারুল ইসলাম (রিক্সা) ১,৩৫৮ ভোটে নির্বাচিত হন। লাইন সম্পাদক (দ্বিতীয় তালিকা) সোহেল রানা সজিব (মোটরসাইকেল) ৮০৮ ভোট পেয়ে নির্বাচনী মাঠ ছাড়েন। সদস্য পদে নির্বাচিত হয়েছেন-

শরিফুল ইসলাম (খেজুর গাছ)-৯৭৫ ভোট, মহিন শেখ (টিউবওয়েল)-৭২৮ ভোট. খবিরুল ইসলাম (ভ্যান)-৫৭৯ ভোট পেয়ে । নির্বাচনকে ঘিরে ছিল উৎসবের আমেজ, কোথাও কোনও অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ভোটারদের উপস্থিতি, প্রার্থীদের প্রচারণা ও সার্বিক ব্যবস্থাপনা-সব মিলিয়ে নির্বাচনটি এলাকায় সফল ও আলোচিত হিসেবে মনে করা হচ্ছে।

## গাংনীতে পতাকা বৈঠকে বিএসএফ'র

(প্রথম পৃষ্টার পর)

ইসলাম (৪৭), নিলিমা বেগম (৪১), আব্দুর রহিম (১৪), আদুরী খাতুন (৮), আশিক বিশ্বাস (১৬), রাতুল হোসেন (২১), কুলছুম খাতুন (১৮), উজ্জল হোসেন (২), রেজাউল (৪০), জনি আহম্মেদ (১৮), রকিব হোসেন (২১), জিহাদ (২০), আবুবক্কর সিদ্দিক (২৪), হাসান আলী (২৬), জিন্নাত আলী (৩৪), জাফর চাপরাশি (৩৯), রাছেল হাওলাদার (২৭), আকতার হোসেন (৩২), রাজু (৩১), সিমা বেগম (৩১), শান্তা আক্তার (২৭), কাজী জসিম উদ্দিন (৪৭), লিলি খাতুন (৪৩) ও মোছাঃ আছিয়া আক্তার (৮)। পতাকা বৈঠকে কাথুলী বিজিবির পক্ষ থেকে নেতৃত্ব দেন কোম্পানির দপ্তর কমান্ডার নায়েক সুবেদার মো. কামরুজ্জামান। অপরদিকে ভারতের পক্ষে নদীয়া জেলার তেহট্ট থানার ৫৬ বিএসএফ ব্যাটালিয়নের তেইলপুল কোম্পানি সদর দপ্তরের কমান্ডার এএসআই আঞ্চ কুমার নেতৃত্ব দেন। কাম্পানির দপ্তর কমান্ডার নায়েক সুবেদার মো. কামরুজ্জামান জানায়, হস্তান্তর হওয়া ব্যক্তিদের বাড়ি বাংলাদেশের বিভিন্ন জেলায়। দালালের মাধ্যমে তারা বিভিন্ন সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে শ্রমিকের কাজ করতেন। পরে ভারতীয় পুলিশ তাদের আটক করে বিএসএফের কাছে হস্তান্তর করে। শেষে বিএসএফ আনুষ্ঠানিকভাবে বিজিবির কাছে ২৪ জনকে ফেরত দেয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে তাদের গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। 'আইনি প্রক্রিয়া শেষে ২৪ জন বাংলাদেশিকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।' গাংনী থানার ওসি (তদন্ত) আল মামুন জানান, আইনি প্রক্রিয়া শেষে হস্তান্তর হওয়া ব্যক্তিদের তাদের পরিবারের কাছে পৌঁছে দেওয়া হবে।

## ২২ বছর পর ভারতকে হারালো

(প্রথম পৃষ্টার পর)

আগেই এই দুই দল বাছাই পর্ব থেকে ছিটকে পড়েছে। তবে ঢাকা স্টেডিয়ামে বাংলাদশে এবং ভারত ম্যাচটি মর্যাদার লড়াই।

সেই মর্যাদার লড়াইয়ে অবশেষে জিতলো বাংলাদেশ। গত ২৫ মার্চ শিলংয়ে ভারতের সঙ্গে ড্র করে এসেছিল বাংলাদেশ। যেটা ছিল বাংলাদেশের জার্সিতে হামজা চৌধুরীর প্রথম ম্যাচ। কিন্তু এবার ঘরের মাঠে সেই ভারতকে পেয়ে হামজা চৌধুরা এবং সে সঙ্গে শামিত সোমরা মাঠ ছাড়লো জয়ের হাসি নিয়ে।

১২ মিনিটে মোরসালিনের গোলে বাংলাদেশ এগিয়ে গেলেও ভক্ত-সমর্থকদের শঙ্কা ছিল, শেষ মুহূর্তে না আবার গোল হজম করে বসে লাল-সবুজের জার্সিধারীরা! কারণ, আগে গোল দিয়ে শেষ মুহূর্তে গোল হজম করে কত ম্যাচ যে জয় বঞ্চিত থাকতে হলো বাংলাদেশকে! যার সর্বশেষ উদাহরণ, চারদিন আগে নেপালের বিপক্ষে ম্যাচটি। যেটাতে হামজার জোড়া গোল সত্ত্বেও শেষ মুহূর্তের গোল ২-২ ব্যবধানে ড্র করতে হয়েছিল বাংলাদেশকে।

তবে, এবার আর সে শঙ্কাকে বাস্তবে রূপ দিতে পারেনি ভারতীয়রা। মোরসালিনের দেয়া গোলের পর নিজেদের রক্ষণ জমাটবদ্ধ রেখেই জয় তুলে নিলো বাংলাদেশ।

ম্যাচের শুরু থেকে বাংলাদেশের পোস্ট লক্ষ্যে একের পর এক আক্রমণ সাজাচ্ছিল ভারত। কিন্তু ১২তম মিনিটে পাল্টা আক্রমণ থেকে বল পেয়ে দ্রুত গতিতে তিনজনকে কাটিয়ে ভারতের বক্সে ঢুকে যান রাকিব।

বাম দিক থেকে রাকিব যে ক্রসটি নেন তাতে দুর্দান্তভাবে কানেক্ট করেন মোরসালিন। ভারতীয় গোলরক্ষক এগিয়ে এসেও শেষ রক্ষা করতে পারেননি। গোল...। বাংলাদেশ এগিয়ে যায় ১-০ ব্যবধানে।

এরপর সমতায় ফিরতে মরিয়া ভারত অনেকবার চেষ্টা চালিয়েছে গোলের; কিন্তু হামজাদের ডিফেন্স এবং গোলরক্ষক মিতুল মারমার বাধা ভেদ করে তারা পারেনি গোল করতে। হামজা চৌধুরী গোললাইনে সেভ করেছেন বারবার। দুরপাল্লার শটে তার শট পোস্ট ঘেঁষে বাইরেও গেছে একবার। রক্ষণে বারবার ত্রানকর্তার ভূমিকায় ছিলেন। আক্রমনে সহায়তাও করেছেন।

মাঠে উত্তেজনাও ছিল বেশ। জামাল ভূঁইয়া আগের দিন বলেছিলেন, এই ম্যাচে অনেক ঘটনা ঘটবে। ৩৩ মিনিটে একটি ফাউলকে কেন্দ্র করে দুই দলের খেলোয়াড়দের মধ্যে ধাক্কাধাক্কিও হয়েছে। ফিলিপাইনের রেফারি বাংলাদেশের তপু বর্মণ ও ভারতের নারাভি নিখিলকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেছেন।

তার আগে ব্যাথা পেয়ে ২৭ মিনিটে মাঠ ছেড়েছেন তারিক কাজী। তার পরিবর্তে কোচ মাঠে নামিয়েছেন মোহামেডানের তরুণ ডিফেন্ডার শাকিল আহাদ তপুকে। ভারতের বিপক্ষে ম্যাচ দিয়ে গত ২৫ মার্চ শিলংয়ে বাংলাদেশের জার্সিতে অভিষেক হয়েছিল ইংলিশ লিগের ক্লাব লেস্টার সিটির ফুটবলার হামজা দেওয়ান চৌধুরীর। ওই ম্যাচটি ড্র হয়েছিল। ভারতের বিপক্ষে দ্বিতীয় ম্যাচে হামজা পেলেন বাংলাদেশের ফুটবলের অন্যতম সেরা ও আনন্দের জয়টি। বাংলাদেশের হয়ে সপ্তম ম্যাচ খেললেন হামজা চৌধুরী। ম্যাচটি তার জন্য লাকি সেভেনই থাকলো। এ ম্যাচেও হামজা ছিল অনন্য। একটি গোলও পেতে পারতেন। বক্সের বাইরে থেকে তার নেওয়া শট অল্পের জন্য চলে যায় পোষ্ট ঘেঁষে। গত দুটি এশিয়ান কাপ বাছাইয়ে জয় ছিল না বাংলাদেশের। এরপর চলমান আসরে চার ম্যাচ গোলশূন্য। অবেশেষ বাংলাদেশ পেলো ঘরের মাঠে ভারতের বিপক্ষে দ্বিতীয় জয় এবং এশিয়ান কাপ বাছাইয়ে ভারতের বিপক্ষে প্রথম জয়।

বাংলাদেশ একাদশ

মিতুল মারমা, তপু বর্মণ, তারিক কাজী (শাকিল আহাদ তপু), সাদ উদ্দিন জায়ান আহমেদ (তাজ উদ্দিন), হামজা চৌধুরী, সোহেল রানা, শামিত সোম, রাকিব হোসেন, শেখ মোরসালিন (শাহরিয়ার ইমন) ও ফয়সাল আহেমদ ফাহিম।

## গাংনীতে গণসংযোগে বিএনপি: ৩১

(প্রথম পৃষ্টার পর)

সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, জেলা সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, উপজেলা সিনিয়র সহ-সভাপতি শহিদুল ইসলাম, যুগ্ম সম্পাদক আব্দুল ওহাব বুলবুল, সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব হারুন আর রশিদ বাচ্চু, উপজেলা কৃষক দলের সভাপতি আমিনুল বারী মোতালেব এবং জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব। গণসংযোগে বক্তৃতা কালে জাভেদ মাসুদ মিল্টন বলেন, "মানুষের অধিকার প্রতিষ্ঠা, গণতন্ত্র পুনরুদ্ধার এবং দেশের সামগ্রিক উন্নয়নই বিএনপির লক্ষ্য। তারেক রহমান দেখিয়েছেন একটি পরিবর্তনের স্বপ্ন-যার বাস্তবায়নের রূপরেখা ৩১ দফা। এটি শুধু রাজনৈতিক কর্মসূচি নয়, জনগণের জীবনমান উন্নয়ন এবং দেশের ভবিষ্যৎ সুরক্ষার পরিকল্পনা।" তিনি আরও বলেন, "মানুষের বাড়ি বাড়ি গিয়ে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানাচ্ছি। জনগণের ভোটে বিএনপি সরকার গঠন করলে আগের চেয়ে আরও বেশি উন্নয়ন ও জনসেবা নিশ্চিত করা সম্ভব হবে।"

## মেহেরপুরে ইসলামী আন্দোলনের

(প্রথম পৃষ্টার পর)

করেন।গণসংযোগ অনুষ্ঠানে জেলা ইসলামী আন্দোলনের সাধারণ সম্পাদক মাওলানা আরিফুল ইসলাম সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ইসলামী আন্দোলন মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রভাষক মোঃ খাদেমুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানা সভাপতি মাওলানা সালাউদ্দিন, মুজিবনগর থানা সভাপতি মাওলানা আমিনুল ইসলাম, এবং ইসলামী যুব আন্দোলনের জেলা সভাপতি মাওলানা আশরাফ শাহাজাহান। এ সময় অন্যান্য নেতাকর্মীরাও উপস্থিত ছিলেন।

## গাংনী ঢেপা পাঙ্গাসিপাড়ায় আবারও

(প্রথম পৃষ্টার পর)

বলেন, "রাত ১০টার দিকে গোয়াল ঠিক ছিল। সকালে ছেলে দেখে-'বাবা, গরু নেই'। তালা ভাঙা দেখে মুষড়ে যাই।" পরিবারের সদস্যরা কান্নায় ভেঙে পড়েছেন। মানিকের বোন বলেন, "ভাইয়ের এত বড় ক্ষতি, কিভাবে সামলাবেন-আল্লাহই জানেন।" গ্রামবাসীরা আবারও রাতজেগে পাহারা দেওয়ার চিন্তায় দিন কাটাচ্ছেন। এক প্রতিবেশী বলেন, "এভাবে চুরি চলতে থাকলে কেউই নিরাপদ থাকবে না। আবার কি লাঠিসোটা নিয়ে পাহারা দিতে হবে?"ঘটনার খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

## শেখ হাসিনার ফাঁসি ও দ্রুত বিচারের

(প্রথম পৃষ্টার পর)

করেন, দেশের নির্বাচনের আগে ভারত থেকে শেখ হাসিনাকে ফিরিয়ে এনে ফাঁসি কার্যকর করতে হবে এবং গণহত্যায় জড়িত সহযোগীদের দ্রুত বিচারের ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, "ভারতকে বলবো, আপনারা বন্দি বিনিময় চুক্তি মানুন, নাহলে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক থাকবে না।" তিনি আরও বলেন, "স্বৈরাচার রোধ করতে হলে জুলাই সনদ বাস্তবায়ন করা আবশ্যক। সনদ বাস্তবায়ন না হলে নির্বাচন অনুষ্ঠিত হবে না।" সমাবেশে জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীদের পাশাপাশি জাতীয় যুবশক্তির কেন্দ্রীয় সংগঠক মো: মুজাহিদুল ইসলাম, জেলা যুগ্ম সমন্বয়কারী মো: আরিফ খান, আসিক রাব্বি, সদস্য মো: হাসনাত জামান সৈকত, সদস্য (অর্থ) মো: তামিম ইসলাম, সদস্য (লিয়াজু) মাহাবুব ই তৌহিদ রবিন, সদস্য (প্রচার) আমির হামজা ও সদর উপজেলা প্রধান সমন্বয়কারী হাসমত উল্লাহ উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে জাকির পার্টির কর্মী

(প্রথম পৃষ্টার পর)

হোসেন এবং ছাত্র ফ্রন্টের সভানেত্রী নুর নাহার। অনুষ্ঠানের শেষে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

## একাধিক মামলায় আসামীদের

(প্রথম পৃষ্টার পর)

তারা ধারালো হাসুয়া, লোহার রড ও বাঁশের লাঠি নিয়ে বাড়িতে প্রবেশ করে পরিবারের সদস্যদের উপর হামলা চালায়। হামলায় বাদীর স্ত্রী, ছেলে ও মেয়ে আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এ দিকে গাংনী থানার জি.আর-১৬৬/২৪ নম্বর মামলায় মোঃ জুয়েলকে দোষী সাব্যস্ত করে আদালত ৩ বছর কারাদণ্ড ও ২০,০০০ টাকা অর্থদণ্ড, অনাদায়ে ২ মাসের অতিরিক্ত কারাদণ্ড প্রদান করেন। মামলার বিবরণে উল্লেখ করা হয়েছে, ঘটনাস্থলে আসামীরা বাদীর উপর শাবল, বাঁশের লাঠি ও লোহার রড দিয়ে আঘাত করেন। আহতরা স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন এবং গুরুতর আহত বাদীর পিতাকে কুষ্টিয়া হাসপাতালে রেফার করা হয়।

## কুষ্টিয়ায় বিআরটিসি বাসের চাপায়

(প্রথম পৃষ্টার পর)

মির্জাপুর এলাকায় বিপরীত দিক থেকে আসা বিআরটিসি বাস তাকে চাপা দেয়। এতে তিনি ঘটনাস্থলেই নিহত হন। কুষ্টিয়া হাইওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) সৈয়দ আল-মামুন জানান, এ ঘটনায় বিআরটিসি বাস ও চালককে আটক করা হয়েছে।

## মেহেরপুরে নতুন জেলা প্রশাসকের

(প্রথম পৃষ্টার পর)

করেন। এ সময় কোর্ট পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করে। ড. সৈয়দ এনামুল কবির সেখানে উপস্থিত কর্মকর্তাদের সালাম গ্রহণ করেন। দায়িত্বভার গ্রহণের অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, আবির আনসারী, হাবিবুর রহমান, খাদিজা আক্তার প্রমুখ উপস্থিত ছিলেন।

# রংপুর বিভাগের ৫৩ 'জুলাইযোদ্ধা'র গেজেট বাতিল

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানে 'জুলাইযোদ্ধা' হিসেবে রংপুর বিভাগের ৫৩ জনের নাম অন্তর্ভুক্ত করা গেজেট বাতিল করেছে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। তালিকায় অভিযোগ, অসঙ্গতি ও যাচাইবাছাইয়ের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোমবার (১৭ নভেম্বর) মন্ত্রণালয়ের উপসচিব (গেজেট) হরিদাস ঠাকুর স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে গেজেট বাতিলের বিষয়টি জানানো হয়। প্রজ্ঞাপনে জানানো হয়, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবার ও জুলাইযোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫ (অধ্যাদেশ নং ৩০/২০২৫)-এর ১১(৪) ধারা অনুসারে প্রদত্ত ক্ষমতাবলে রংপুর বিভাগের উল্লিখিত ৫৩ জনের 'জুলাইযোদ্ধা' গেজেট সরকার বাতিল করেছে। আদেশটি অবিলম্বে কার্যকর হবে। জুলাইযোদ্ধাদের তালিকা নিয়ে বিভিন্ন স্থান থেকে অভিযোগ আসে যে-তালিকাভুক্ত অনেকেই প্রকৃতপক্ষে আন্দোলনে অংশ নেননি, কেউ কেউ আহত না হয়েও আহত যোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হয়েছেন। এ প্রসঙ্গে কিছুদিন আগে মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক ই আজম বলেন, "আগের তালিকাগুলো যাচাই- বাছায় চলছে। অভিযোগ এসেছে যে তালিকাভুক্ত অনেকেই জুলাই আন্দোলনে ছিলেন না বা আহত হননি-এসব নিয়ে সরকার উদ্বিগ্ন।" এর আগে গত ৩ আগস্ট শহীদদের তালিকা থেকে আটজনের নাম বাতিল করে প্রজ্ঞাপন দেয় মন্ত্রণালয়। বর্তমানে সরকারি হিসাবে শহীদের সংখ্যা ৮৩৬ জন। সরকারি তালিকা অনুযায়ী 'অতি গুরুতর আহত (ক)', 'গুরুতর আহত (খ)' ও 'আহত (গ)'-এই তিন শ্রেণিতে বর্তমানে মোট ১৩ হাজার ৮০০ জন জুলাইযোদ্ধার নাম রয়েছে।

# ঢাকায় অবৈধ ব্যানার, ফেস্টুন, পোস্টার অপসারণের নির্দেশনা

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) রাজধানীতে অবৈধভাবে লাগানো ব্যানার, ফেস্টুন ও পোস্টার আগামী সাত দিনের মধ্যে সরানোর নির্দেশ দিয়েছে। মঙ্গলবার (১৮ নভেম্বর) ডিএনসিসি এক গণবিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানায়। ডিএনসিসি জানায়, ঢাকা উত্তর সিটি করপোরেশনের আওতাধীন এলাকায় যথাযথ অনুমতি ছাড়া যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যানার, ফেস্টুন, পোস্টার, বাড়ি বা ভবনের ছাদ ও দেওয়ালে বিজ্ঞাপনী নামফলক, সাইনবোর্ড বা এলইডি বিলবোর্ড স্থাপন করেছে, তা অবৈধ। গণবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী সাত দিনের মধ্যে এসব অবৈধ স্থাপনাবস্তু অপসারণ করতে হবে। না করলে নির্ধারিত সময়ের পর ডিএনসিসি উচ্ছেদ কার্যক্রম শুরু করবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে জরিমানা এবং অন্যান্য আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। ডিএনসিসি আশা প্রকাশ করেছে যে, নিয়মিতভাবে এই নির্দেশনা বাস্তবায়ন করা হলে রাজধানীর সড়ক ও সাধারণ এলাকায় অযথা ব্যানার ও ফেস্টুনের কারণে জনদূর্ভোগ কমবে।

# আওয়ামী লীগের সাধারণ নেতাকর্মীদের সব দলে স্থান দেওয়ার আহ্বান ভিপি নুরের

সূর্যোদয় প্রতিবেদন

গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর আওয়ামী লীগের সাধারণ নেতাকর্মীদের সব রাজনৈতিক দলে জায়গা দেওয়ার আহ্বান জানিয়েছেন। সোমবার (১৭ নভেম্বর) দুপুরে মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর ৪৯তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে টাঙ্গাইলের সন্তোষে ভাসানীর মাজারে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। নুরুল হক নুর বলেন, "গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে আওয়ামী লীগ মানুষের কাছে প্রত্যাখ্যান হয়েছে, তবে দেশের বিভিন্ন স্থানে দলের সাধারণ সমর্থন এখনও রয়েছে। যারা রাজনীতি চালিয়ে যেতে চান, তাদের আমরা বিএনপি, জামায়াত, এনসিপি সহ সব রাজনৈতিক দলে স্থান করে দেব।" তিনি আরও বলেন, "শুধু একটি দিনে ফুল দিয়ে বা প্রেসক্লাবে আলোচনা সভায় ভাসানীকে সীমাবদ্ধ রাখলেই হবে না। মওলানা ভাসানী আওয়ামী লীগ গঠনের উদ্যোক্তাদের একজন হলেও শুরুতেই দল থেকে সরে গিয়েছিলেন।" নুরুল হক নুর নির্বাচনী প্রেক্ষাপটেও সতর্কবার্তা দিয়েছেন। তিনি বলেন, "যদি প্রশাসন ও রাজনৈতিক দল এক না হয়, তাহলে ভবিষ্যতে নির্বাচন সম্ভব হবে না। এমন পরিস্থিতি দেশের ওপর বিপর্যয় নেমে আসতে পারে। আমরা আরেকটি 'ওয়ান ইলেভেন' ঘটতে দেব না।" তিনি সকল রাজনৈতিক দলকে আহ্বান জানিয়ে বলেন, "আগামী ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনের জন্য সব রাজনৈতিক দল প্রচার-প্রচারণা ও গণসংযোগে মনোনিবেশ করুক। নির্বাচন যেন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয়, সেই লক্ষ্যে আলাপ-আলোচনার মাধ্যমে একটি সমান সুযোগের পরিবেশ তৈরি করতে হবে।" এ সময় গণঅধিকার পরিষদের দপ্তর সম্পাদক শাকিল উজ্জামান, কেন্দ্রীয় সংসদের সাংগঠনিক সম্পাদক তোফাজ্জল হোসেনসহ জেলার অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

# তারেক রহমান মানবতার দূত: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশের অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানোয় মানবতার দূত হিসেবে কাজ করছেন। এমন মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব ও 'আমরা বিএনপি পরিবার'-এর প্রধান উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। মঙ্গলবার (১৮ নভেম্বর) বগুড়া শহীদ খোকন পার্কে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্মদিন উপলক্ষে আয়োজিত দিনব্যাপী ফ্রি মেডিক্যাল ক্যাম্পে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, "তারেক রহমান অসহায়, দুস্থ মানুষের সহায়তায় এগিয়ে এসে তাদের পাশে দাঁড়ান। দেশের যেকোনো স্থানেই যারা নির্যাতিত, নিপীড়িত, অভাবী বা মেধাবী, তাদেরকে তিনি খুঁজে বের করে গোপনে সহযোগিতা প্রদান করেন।" তিনি আরও উল্লেখ করেন, "তারেক রহমান নিজের জন্মদিনে কোনো রকম ঢাক-ঢোল বা কেক কাটার অনুষ্ঠান চান না। আজকের ফ্রি মেডিক্যাল ক্যাম্প, চক্ষু ও হার্ট চিকিৎসা, রক্তদান ও হুইল চেয়ার বিতরণ-এই সব মানবিক কাজ তার শিক্ষা।" রিজভী তাকে 'মানবতার হাইকমিশনার' আখ্যা দিয়েছেন। অনুষ্ঠানে আমরা বিএনপি পরিবার-এর আহ্বায়ক আতিকুর রহমান রুমনের সভাপতিত্বে বক্তব্য রাখেন হৃদরোগ বিশেষজ্ঞ ডাক্তার মনোয়ারুল কাদির বিটু, সিনিয়র চিকিৎসক আজফারুল হাবিব রোজ, বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা মন্ডলীর সদস্য অ্যাডভোকেট মাহবুবুর রহমান, হেলালুজ্জামান তালুকদার লালু, কেন্দ্রীয় কমিটির সদস্য ভিপি সাইফুল ইসলাম, জয়নাল আবেদীন চাঁন, জেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোশরাফ হোসেন, এম. আর. ইসলাম স্বাধীন, বিএনপি মিডিয়া সেলের রাজশাহী-রংপুর বিভাগের সমন্বয়কারী সিনিয়র সাংবাদিক কালাম আজাদ, এবং আমরা বিএনপি পরিবার-এর সদস্য সচিব কৃষিবিদ মোকছেদুল মোমিন মিথুন।

# দুই লাখ ২০ হাজার টন সার কিনবে সরকার

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকার চীন, সৌদি আরব, মরক্কো ও কাফকো থেকে দুই লাখ ২০ হাজার মেট্রিক টন সার কিনবে। এ ক্রয়ে মোট ব্যয় হবে ১ হাজার ৫৭৯ কোটি টাকা। ক্রয়ের মধ্যে রয়েছে ৭০ হাজার টন ইউরিয়া, ১ লাখ ২০ হাজার টন ডিএপি এবং ৩০ হাজার টন টিএসপি সার। সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন স্থানে ৩৪টি বাফার গুদাম নির্মাণের জন্য ৫৫ কোটি ২৫ লাখ টাকার প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৮ নভেম্বর) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অর্থ উপদেষ্টা ড. সালাহউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠকে এসব সিদ্ধান্ত নেয়া হয়।